

নাম প্রত্যাহার সংক্রান্ত চিঠি

(নবম থেকে দ্বাদশ গ্রেডের সকল শিক্ষার্থীর পিতামাতাদের, এবং 18 ও এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য)।

সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (রিক্রুটার) এবং উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান যারা একাদশ (11) এবং দ্বাদশ (12) গ্রেডের হাই স্কুল শিক্ষার্থীদের নিম্নলিখিত তথ্যের জন্য অনুরোধ জানাবে, ফেডারেল আইনের শর্ত অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) তাদেরকে এই তথ্য দিতে বাধ্য থাকবে, এর ব্যতিক্রম হবে শুধুমাত্র সেসব ক্ষেত্রে, যেসব ক্ষেত্রে, শিক্ষার্থীর বয়স 17 বছরের কম হবে তখন পিতামাতা, অথবা যখন শিক্ষার্থীর বয়স 18 বা বেশি হবে তখন শিক্ষার্থী নিজে, এই তথ্য প্রকাশে DOE-কে লিখিতভাবে অসম্মতি প্রদান করে। শিক্ষার্থীর বয়স 18 থেকে কম হলে 'নাম প্রত্যাহারে চিঠিতে' পিতামাতাকে অবশ্যই স্বাক্ষর করতে হবে। শিক্ষার্থীর বয়স 18 কিংবা এরচেয়ে বেশি হলে, 'নাম প্রত্যাহারে চিঠিতে, শিক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষর করতে হবে।

- যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এই তথ্য অনুরোধ করেছে সেটাকে নাম, ঠিকানা, ও ফোন নম্বর এবং/অথবা;
- যেসব সেনা সংগ্রাহক (রিক্রুটার) এই তথ্য অনুরোধ করেছেন, তাদেরকে শিক্ষার্থীর নাম, ঠিকানা, ফোন নম্বর এবং DOE-প্রদত্ত শিক্ষার্থীর ইমেইল ঠিকানা। (অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, শিক্ষার্থীর ইমেইল ঠিকানায় সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহককারীদের পাঠানো ইমেইল DOE নিয়ন্ত্রণ, স্পঞ্জর বা পর্যালোচনা করে না।)

যদিও আমাদের শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ, আমাদেরকে অবশ্যই আইন মেনেও চলতে হবে।

যদি আপনার সন্তানের বয়স 18 বছরের কম হয়, এবং আপনি এই তথ্য প্রকাশে সম্মত না হন, তবে আপনাকে অবশ্যই এই ফর্মটি পূরণ করতে এবং আপনার সন্তানের স্কুলে 21 অক্টোবর, 2022 তারিখের মধ্যে ফেরত দিতে হবে। এই তারিখের মধ্যে আপনি যদি ফর্ম ফেরত না দেন এবং আপনার সন্তান যদি একাদশ (11) অথবা দ্বাদশ (12) গ্রেডের শিক্ষার্থী হয়, তাহলে অনুরোধ সাপেক্ষে আমরা আপনার সন্তানের তথ্য প্রকাশ করবো। নবম (9) এবং দশম (10) গ্রেডের শিক্ষার্থীদের ক্ষেত্রে, এই অসম্মতির ফর্ম অগ্রিম পূরণ এবং সংরক্ষণ করা যাবে।

যদি আপনার সন্তানের বয়স 18 বা বেশি হয়, তাহলে সে তথ্য প্রকাশের সম্মতি দেবে কি না, সে সিদ্ধান্ত অবশ্যই তাকে নিতে হবে। 18 বা অধিক বয়সী শিক্ষার্থীরা, যারা তাদের তথ্য প্রকাশ করতে চায় না, তাদেরকে অবশ্যই এই নাম প্রত্যাহার সংক্রান্ত চিঠি পূরণ করতে ও স্বাক্ষর করতে হবে এবং সেটা অবশ্যই 21 অক্টোবর, 2022-এর মধ্যে স্কুলে ফেরত দিতে হবে। যদি নাম প্রত্যাহারের ফর্মটি জমা না দেয়া হয়, তাহলে আপনার সন্তানের তথ্য অনুরোধ সাপেক্ষে প্রকাশ করা হবে।

পিতামাতা ও 18 বছর বা অধিক বয়সী শিক্ষার্থীরা, যারা এখন একটি ফর্ম পূরণ করতে না চান, তারা তা শিক্ষার্থী DOE স্কুলে ভর্তি থাকাকালে যে কোনো সময় পূরণ করতে পারবেন। অধিক তথ্য বা সহায়তার জন্য অনুগ্রহ আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন। সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

নাম প্রত্যাহারের ফর্ম

আপনি অথবা আপনার সন্তান, তার বয়স 18 বা অধিক হলে, যদি উপরে উল্লিখিত তথ্য সামরিক বাহিনীর সেনা সংগ্রাহক (মিলিটারি রিক্রুটার) এবং/অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ না করতে চান, তাহলে অনুগ্রহ করে এটা পূরণ করুন এবং নিচে স্বাক্ষর করুন। আপনি যদি তথ্য অপ্রকাশিত রাখতে না চান, তাহলে আপনাকে এই ফর্ম পূরণ করতে হবে না।

শিক্ষার্থীর নাম: _____ শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস: _____

স্কুলের নাম: _____

যদি শিক্ষার্থীর বয়স 18 বছরের কম হয়:

- আমি উপরোল্লিখিত শিক্ষার্থীর পিতামাতা, যার বয়স 18-এর কম।

অনুগ্রহ করে যথাযথ বক্সে টিক চিহ্ন দিন:

- সামরিক বাহিনীর সেনা সংগ্রাহক (মিলিটারি রিক্রুটার): আমি চাইনা আমার সন্তানের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, শিক্ষার্থীর DOE ইমেইল ঠিকানা সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকদের কাছে প্রকাশ করা হোক।
- উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠানসমূহ: আমি চাইনা আমার সন্তানের নাম, ঠিকানা, এবং টেলিফোন নম্বর উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করা হোক।
- উভয়: আমি চাইনা আমার সন্তানের তথ্য সামরিক বাহিনীর সেনা সংগ্রাহক (মিলিটারি রিক্রুটার) এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করা হোক।

পিতামাতার নাম: _____

পিতামাতার স্বাক্ষর: (ইলেক্ট্রনিকভাবে টাইপ বা স্বাক্ষরকৃত) _____ তারিখ: _____

যদি শিক্ষার্থীর বয়স 18 বা অধিক হয়:

- আমি নিচে উল্লিখিত শিক্ষার্থী, এবং আমার বয়স 18 অথবা অধিক।

অনুগ্রহ করে যথাযথ বক্সে টিক চিহ্ন দিন:

- সামরিক বাহিনীর সেনা সংগ্রাহক (মিলিটারি রিক্রুটার): আমি চাইনা আমার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, এবং DOE ইমেইল ঠিকানা সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকদের কাছে প্রকাশ করা হোক।
- উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠানসমূহ: আমি চাইনা আমার নাম, ঠিকানা, ও টেলিফোন নম্বর উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করা হোক।
- উভয়: আমি চাইনা আমার তথ্য সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (মিলিটারি রিক্রুটার) এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর নাম: _____

শিক্ষার্থীর স্বাক্ষর: (ইলেক্ট্রনিকভাবে টাইপ বা স্বাক্ষরকৃত) _____ তারিখ: _____